



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
কুয়েট রোড, খুলনা - ৯২০৩।
ই-মেইল- hsttikhulna@yahoo.com
ওয়েবসাইট: www.hstti.khulna.gov.bd

স্মারক নং-উমাশিপ্রইখু/প্রনি-৫৪৩(৫)/২০২৬/৫৭

তারিখ: ০৭/০৪/২০২৬ খ্রিঃ

প্রাপক : অধ্যক্ষ

খুলনা বিভাগের সকল বেসরকারি ও ২০১৮ বিধিতে জাতীয়করণকৃত কলেজ।

বিষয় : উচ্চ মাধ্যমিক স্তরের কলেজ শিক্ষকদের বিষয়ভিত্তিক (১০৯ তম ব্যাচ) কর্মকালীন প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী প্রেরণ প্রসঙ্গে।

এই ইনস্টিটিউটে ১২.৪.২০২৬ থেকে ২১.০৫.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য ৪০ দিন মেয়াদি উচ্চ মাধ্যমিক স্তরের বাংলা ও ভূগোল বিষয়ের শিক্ষকদের প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনার প্রতিষ্ঠান থেকে উল্লেখিত বিষয়ের প্রতিটি থেকে ০১ জন করে মোট ০২ (দুই) জন শিক্ষককে মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- মনোনীত প্রশিক্ষণার্থীদের কেউ বিগত তিন (০৩) বছরের মধ্যে এই প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে তার এই প্রশিক্ষণে অংশগ্রহণের প্রয়োজন নেই। এক্ষেত্রে বিষয়টি পত্র প্রাপ্তির তিন (০৩) দিনের মধ্যে ইমেইলে লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠান প্রধান/সভাপতি কর্তৃক প্রদত্ত ছাড়পত্র, এমপিও এর কপি / প্রযোজ্য ক্ষেত্রে স্বীকৃতি/পাঠদানের অনুমতির কপি, ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি আনতে হবে।
- সকালে পিটি ক্লাশের জন্য প্রতিষ্ঠানের নাম ও লোগো সম্বলিত সাদা ট্রাউজার, সাদা গেঞ্জি ও সাদা ক্যাপ নির্ধারিত মূল্যে প্রতিষ্ঠান সরবরাহ করবে এবং সাদা কেডস্ ও সাদা মোজা প্রশিক্ষণার্থী নিজ দায়িত্বে সংগ্রহ করবেন। তবে মহিলা প্রশিক্ষণার্থীগণ সাদা সালোয়ার-কামিজ, সাদা কেডস, সাদা মোজা এবং বোরকা পরিহিতাগণ সাদা বোরখা নিজ দায়িত্বে সংগ্রহ করবেন।
- প্রশিক্ষণ ভাতা প্রাপ্তির পূর্ব পর্যন্ত প্রাথমিক ব্যয় মেটানোর জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা সঙ্গে আনতে হবে।
প্রয়োজনে প্রধান কোর্স সমন্বয়কারী প্রফেসর এস এম শওকত হোসেন, উপপরিচালক (ইনস্টিটিউট) (মোবা: ০১৯৬০-৫৭২৪০৩) এবং কোর্স সমন্বয়কারী জনাব মুহাম্মদ আব্দুল্লাহ, সহকারী পরিচালক (মোবাঃ ০১৯১৪-৯৬৯২১৩) সাথে যোগাযোগ করা যেতে পারে।

চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের ছাড়পত্র প্রদান ও প্রশিক্ষণ শুরুর দিন সকাল ০৮.৩০ টার মধ্যে প্রশিক্ষণ ভেন্যুতে উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করা হলো। সম্পূর্ণ আবাসিক এ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থীগণ নির্ধারিত হারে যাতায়াত, প্রশিক্ষণ ও খাবার ভাতা প্রাপ্য হবেন। আগামী ০৯/০৪/২০২৬ তারিখ বেলা ২:০০ টার মধ্যে যেকোন ব্রাউজারে নিচের লিংকটি টাইপ করে এন্টার দিয়ে অথবা প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.hstti.khulna.gov.bd প্রবেশ করে প্রাপ্ত তথ্য ফরমটি পূরণ করে প্রশিক্ষণার্থীর অনলাইন আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

লিংক: <https://forms.gle/pE8ExJEkDZXD4fH68>

বৈষম্যহীন বাংলাদেশ বিনির্মাণে অনলাইনে আবেদন ব্যতিত কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ নেই।

বিষয়টি অতীব জরুরী।

(প্রফেসর ড. শেখ মো: আমানুল্লাহ)
পরিচালক(প্রেষণে)
এইচএসটিটিআই, খুলনা
তারিখ: ০৭/০৪/২০২৬ খ্রিঃ

স্মারক নং-উমাশিপ্রইখু/প্রনি-৫৪৩(৫)/২০২৬/৫৭

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি ও ওয়েবসাইট), এইচএসটিটিআই খুলনা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সংরক্ষণ নথি।

মুহাম্মদ আলী
আই ডি নংঃ ০২২৪৪২
সহকারী পরিচালক (প্রেষণে) ও কোর্স সমন্বয়কারী
এইচ এস টি টি আই, খুলনা।
মোবাইলঃ ০১৭১২-৭৫৭৫০০
Email: mdali3009@gmail.com

চূড়ান্তভাবে মনোনীত শিক্ষকদের তালিকা আগামী ০৯/০৪/২০২৬
খ্রিস্টাব্দ বেলা ৩:০০ টায় ওয়েবসাইটে আপলোড করা হবে।